



বিএনপি সংবিধান সংস্কার পরিষদের শপথ না নেওয়ায় শপথই নিবে না ১১ দলীয় জোট



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেছেন, বিএনপি সংবিধান সংস্কার পরিষদের শপথ না নেওয়ায় ১১ দলীয় জোটের কোনো শপথও কার্যকর হবে না। তিনি মঙ্গলবার সামাজিক যোগাযোগমাধ্যমে নিজের ভেরিফাইড পেজে এই মন্তব্য করেন।
এর আগে তিনি আরও একটি পোস্টে লিখেছেন, “গণভোটের জনরায়কে প্রথম দিনেই বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে শুরু হলো নতুন সংসদের যাত্রা। এবার বিরোধী দলের সিদ্ধান্ত দেখার পালা।” শপথ অনুষ্ঠানের ঠিক আগে কল্পবাজার-১ আসনের বিএনপির নির্বাচিত সংসদ সদস্য সালাহউদ্দিন আহমদ জানান, বিএনপির নির্বাচিত জনপ্রতিনিধিরা এখনই সংবিধান সংস্কার পরিষদের শপথ নেবেন না। এরপরই এনসিপি মুখপাত্র এই প্রতিক্রিয়া জানান।

LENS ASIA